সিনিয়র সিস্টেম এনালিষ্ট
- সিস্টেম এনালিষ্ট/ সিনিয়র প্রোগ্রামার
- প্রোগ্রামার
- মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার
- সঃমেঃ ই-১/ সঃমেঃ ই-২
- নথি

ডাইরি নং......

তারিখ......

স্বাক্ষর

রেজিস্টার্ড এ/ডি সহযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা শাখা
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০০২.২৪-১৩৬

তারিখ: ২৭ বৈশাখ, ১৪৩৩ / ১০ মে, ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, খন্দঃ গোলাম মোস্তফা (পরিচিতি নং-৬০২১৩৩), নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা সড়ক বিভাগ (সাবেক: চুয়াডাঙ্গা সড়ক বিভাগ), সওজ বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচারণ' এর অভিযোগে এ বিভাগের ৩১-০১-২০২৪ তারিখের ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০২.২৪-৪২ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা অভিযোগনামা ও অভিযোগ বিবরণীর পরিপ্রেক্ষিতে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানীর জন্য আবেদন করলে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, জনাব খন্দঃ গোলাম মোস্তফার বিরুদ্ধে ১১টি ভুয়া কার্যসম্পাদন সনদের বিষয়ে অবহিত হওয়া সত্ত্বেও পিপিআর-২০০৮ এর বিধি ১২৭(৩) অনুযায়ী ঠিকাদারী প্রতিষ্ঠানকে লিখিতভাবে ব্যাখ্যা প্রদানের নির্দেশ না দেওয়া এবং বিষয়টি ক্রয়কারী কার্যালয় প্রধান (HOPE)-কে অবহিত না করার অভিযোগ তদন্তকার্যে সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়নি।

যেহেতু, তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে কার্যসম্পাদন সনদের সত্যতা যাচাইয়ের ক্ষেত্রে প্রেরিত ই-মেইলের জবাবের অপেক্ষা বা তাগিদ প্রদান ব্যতিরেকে দরপত্রের মূল্যায়ন সম্পন্ন করা এবং দাপ্তরিক ই-মেইল পরিচালনার দায়িত্ব কম্পিউটার অপারেটরকে অর্পণের মাধ্যমে প্রয়োজনীয় গোপনীয়তা রক্ষায় ব্যর্থ হয়ে তিনি কর্তব্যে অবহেলা করেছেন। ফলে তার এ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ২(খ) অনুযায়ী অসদাচরণ হিসেবে প্রতীয়মান হয়।

যেহেতু, নথি পর্যালোচনা, অভিযুক্ত কর্মকর্তার জবাব ও তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় খন্দঃ গোলাম মোস্তফা এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহের তদন্তকার্যে প্রথম অভিযোগটি প্রমাণিত হয়নি এবং দ্বিতীয় অভিযোগটি প্রমাণিত হয়;

সেহেতু, খন্দঃ গোলাম মোস্তফা (পরিচিতি নং-৬০২১৩৩), নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা সড়ক বিভাগ (সাবেক: চুয়াডাঙ্গা সড়ক বিভাগ), সওজ এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় আনীত প্রথম অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাকে একই বিধিমালার ৭(২)(ক) বিধি অনুযায়ী বিভাগীয় মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো এবং বর্ণিত দ্বিতীয় অভিযোগটি তদন্তে প্রমাণিত হওয়ায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর বিধি ৪(২)(ক) অনুযায়ী তাঁকে "তিরস্কার (Censure)" দন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(ড. মোহাম্মদ জিয়াউল হক)
সচিব

[অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য]

CamScanner

স্মারক নং-৩৫.০০.০০০০.০২৮.২৭.০০২.২৪-১৩৬ . তারিখ: ২৭ বৈশাখ, ১৪৩৩ / ১০ মে, ২০২৬

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
০৫. সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা
০৬. অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার তার PDS-এ অন্তর্ভুক্ত করার অনুরোধসহ)
০৮. খন্দঃ গোলাম মোস্তফা (পরিচিতি নং-৬০২১৩৩), নির্বাহী প্রকৌশলী, কুমিল্লা সড়ক বিভাগ, সওজ
০৯. মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
১০. উপসচিব (সওজ গেজেটেড সংস্থাপন) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের অনুরোধসহ)
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা
১৫. অফিস কপি

CamScanner